সংবাদ

24-AUG-2016

# আটোয়ারীর বর্ষালুপাড়া সর. প্রা. স্কুল বেহাল

প্রতিনিধি, আটোয়ারী (পঞ্চগড়)

পঞ্চগড়ের আটোয়ারীর সীমান্ত ঘেষা বর্ষালুপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বেহাল দশায় পরিনত হয়েছে। জানা যায়, উপজেলার ভারত- বাংলাদেশ সীমান্ত ঘেষা আলোয়াখোয়া ইউনিয়নের ২৩নং বর্ষালুপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়টি ওই এলাকার প্রাচীনতম প্রাথমিক বিদ্যালয়। বিদ্যালয়টি ১৯৩০ সালে স্থাপিত হয় এবং দীর্ঘদিন অবহেলার পর ১৯৮৮-৮৯ সালে অফিস রুমসহ ৪ রুম বিশিষ্ট একটি টিন সেট ভবন নির্মাণ করা হয়। বর্তমানে উক্ত ভবনটির টিন ছিদ্র হয়ে একেবারে বেহাল অবস্থা। বৃষ্টি এলেই শিক্ষার্থীদের বই গুটিয়ে শ্রেণী কক্ষের এক কনায় থাকতে হয় ফলে পাঠ দান ব্যহত হচ্ছে। বিদ্যালয়ের বারান্দায় উঠার সিঁড়ি ভেঙ্গে যাওয়ায় শিশুদের উঠতে খুবই কষ্ট হয়। অনেক সময় শিশুরা উঠতে গিয়ে পরে আঘাত পায়। যেকোন মুহূর্তে বড় ধরনের দুর্ঘটনাও ঘটতে পারে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক নাজমুল হক দুঃখের সহিত জানান, বারবার ইঞ্জিনিয়ার এসে মাপজোক নিয়ে গেলেও এখন পর্যন্ত নতুন ভবন নির্মাণ বা পুরাতন ভবনটি সংস্কারের কোন পদক্ষেপ নেয়া হয়নি। তিনি বলেন, বিদ্যালয়ে বর্তমান প্রায় ১৫৪ জন শিক্ষার্থীকে মাত্র তিনটি শ্রেণী কক্ষে পাঠ দান করতে হয়। পর্যাপ্ত বেঞ্চ, শ্রেণী কক্ষসহ আসবাবপত্র নেই, বিদ্যালয়টি নানা সমস্যায় জর্জরিত। অপরদিকে টিন ছিদ্র হওয়ায় অফিসের কাগজ-পত্রাদি সংরক্ষণ করা খুবই কষ্টের হয়ে পরেছে। বিদ্যালয়ের ফলাফল ভালো হওয়া সত্ত্বেও বিদ্যালয়টি উন্নয়নের কোন পদক্ষেপ নেয়া হচ্ছে না। অবহেলিত সীমান্তবর্তী মানুষের শিক্ষার প্রসারে বিদ্যালয়টি অনতি বিলম্বে সংস্কার এবং নতুন ভবন নির্মাণ করার জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নেক দৃষ্টি প্রয়োজন।